

**U.G. 6th Semester Examination - 2022****BENGALI****[HONOURS]****Course Code: BBNGCCHT601****Course Title: রবীন্দ্র সাহিত্য**

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$
- ক) ‘নির্বারের স্বপ্নভঙ্গ’ কোন্ কাব্যগ্রন্থের কবিতা?
  - খ) কোথায়, কবে রবীন্দ্রনাথ ‘মেঘদূত’ কবিতাটি লিখেছিলেন?
  - গ) ‘মাঝে মাঝে গেছি আমি ওপাড়ার প্রাঙ্গণের ধারে।’ — কোন্ পাড়া? সেখানে কারা থাকে?
  - ঘ) “মোদের খেতে তখন ফোটে শণ।” — কখন শণফুল ফোটে?
  - ঙ) কোন্ উপলক্ষ্যে রবীন্দ্রনাথ তাঁর ‘রামায়ণ’ প্রবন্ধ লিখেছিলেন?
  - চ) পত্রলেখার পিতার নাম লেখো।
  - ছ) “গ্রামচেত্যে গৃহবলিভুক পাখি” — কথাটির অর্থ সরল বাংলায় লেখো।

- জ) ‘মাণবী’ এবং ‘শ্রুতকীতি’র পরিচয় দাও।
  - ঝ) রবীন্দ্রনাথের ভাবনায় সাহিত্যের ব্যবসাদার বিচারক কারা?
  - ঝঃ) ‘সাহিত্যের সামগ্রী’ কোন্ পত্রিকায় কখন প্রকাশিত হয়?
  - ঢ) “সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববণী।” — মন্তব্যটি কোন্ প্রবন্ধের অংশ?
  - ঢঃ) ছিমপত্রের ১৮ সংখ্যক চিঠিটি কোথা থেকে, কবে লেখা?
  - ড) ‘গতকল্য এই মায়া উপকূলে অনেকশণ ধরে বিচরণ করে বোটে ফিরে গিয়ে দেখি ...।’ — মায়া উপকূল বলতে রবীন্দ্রনাথ কোন্ স্থানটিকে বুঝিয়েছেন?
  - ঢ) ‘আমার বসুন্ধরা এখন ‘একখানি রৌদ্রপীতি হিরণ্য অঞ্জল’ পরে ঐ নদীতীরের শয়ক্ষেত্রে বসে আছেন।’ — ছিমপত্রের এই চিঠির প্রসঙ্গ রবীন্দ্রনাথের কোন্ কবিতায় রূপ পেয়েছে?
  - ণ) পাবনা শহরের নদীধাটে বোট নিয়ে আসার উল্লেখ ছিমপত্রের কোন্ চিঠিতে পাওয়া যায়?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$
- ক) ‘ছিমপত্রে’ ইন্দিরা দেবীকে লেখা চিঠির সংখ্যা ক’টি? বাকি চিঠিগুলি কাকে লেখা হয়েছিল?
  - খ) ‘চিঠি’ বা ‘পত্র’ নামে চিহ্নিত রবীন্দ্রনাথের আরও দু’টি গ্রন্থের নাম লেখো।
  - গ) ‘ঐকতান’ কোন্ কাব্যগ্রন্থের কবিতা? গ্রন্থে কবিতাটিকে কীভাবে চিহ্নিত করা হয়েছে?
  - ঘ) ‘অভিসার’ কবিতায় দু’টি ঝাতুর উল্লেখ আছে। কী কী?

- ৬) পত্রলেখা কে? কাহিনিটি কোথা থেকে গ্রহণ করা হয়েছে?
- চ) মিরান্দা ও শকুন্তলার মধ্যে ‘বাহ্য ঐক্যে’র অস্তত দু’টি সূত্র উল্লেখ করো।
- ছ) ‘সাহিত্য বিচার করিবার সময় দুইটি জিনিস দেখিতে হয়..।’  
কী কী?
- জ) দামোদরবাবুর কথা কোন্ প্রবন্ধে কোন্ প্রসঙ্গে এসেছে?

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$

- ক) ‘ছিন্পত্রে’র প্রাসাদিক চিঠি থেকে রবীন্দ্রনাথের মর্ত্যগ্রাতির পরিচয় দাও।
- খ) ‘হিংস্র প্রলাপের মধ্যে/সেই হোক্ তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।’ — কোন্ কবিতার চরণ? ‘হিংস্র প্রলাপ’ এবং ‘পুণ্যবাণী’ বলতে কবি কী বুঝিয়েছেন?
- গ) ‘সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।’ — এই মন্তব্যের তাৎপর্য আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$

- ক) ‘প্রাচীন সাহিত্য’-এর ‘মেঘদূত’ প্রবন্ধ এবং ‘মানসী’ কাব্যগ্রন্থের ‘মেঘদূত’ কবিতার তুলনামূলক আলোচনা করো।
- খ) ‘সাধারণ মেরে’ কবিতাটির গুরুত্ব আলোচনা করো।
- গ) রবীন্দ্রনাথের মতে সাহিত্যের প্রকৃত বিচারক কারা? কীভাবে তাঁরা এই যোগ্যতা অর্জন করেন?